আজকের কাগজ

তারিখ ..11 NOV 1992
পৃষ্ঠা... ৪ ... কলাম .. ৪ ...

## বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন প্রসঙ্গে

আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় কিন্ডারগার্টেন শিক্ষা পদ্ধতির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে একথা আজ সর্বজনস্বীকৃত। তার প্রমাণ হলো আমাদের দেশে প্রায় পাঁচ হাজার কিন্ডারগার্টেনের অস্তিত্ব। কাজেই দেশ এবং জাতির শিক্ষার ক্ষেত্রে এই গরুত্বপূর্ণ শিক্ষা পদ্ধতিকে আর খাটো করে দেখার অবকাশ নেই। কিন্ডার-গার্টেনগুলোর মধ্যে কিছু কিছু সমস্যা সমাধানকল্পে কিন্ডারগার্টেনের সমন্বয়ে গঠিত হয় ১৯৮১ইং সনে "কিন্ডারগার্টেন এসোসিয়েশন"। এটা সত্য যে, ওই এসোসিয়েশন সরকারের পাশাপাশি সারা দেশব্যাপী বৃত্তি পরীক্ষা চালু করতে সক্ষম হয়েছে। বিশেষ করে দ্বিতীয় শ্রেণীতে বৃত্তি চালু করার ফলে এসোসিয়েশনের ভাবমূর্তি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।

কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে যে, এসোসিয়েশনের মধ্যে নেতৃত্ব কোন্দল দিন দিন বেড়ে চলেছে। যার ফলে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন আজ কয়েক ভাগে বিভক্ত হয়ে পড়েছে। কোন্ স্কুল কোন্ এসোসি-য়েশনভুক্ত হবে তা নিয়ে জোর প্রতিযোগিতা চলছে। ফলে ব্যাহত হচ্ছে কিন্ডারগার্টেনের মূল লক্ষ্য। যে বৃত্তি পরীক্ষা সকলের নিকট প্রশংসিত হয়েছিলো, আজ তা বিতর্কিত। কেন না ১৯৯১ সনের বৃত্তি পরীক্ষার ফলাফল দু'ভাবে প্রকাশিত হয়েছে। প্রথম দফায় প্রকাশিত হয়েছে জনাব শাহজাদা মোহাম্মদ আলী, সাধারণ সম্পাদক সাহেবের স্বাক্ষরযুক্ত গেজেটের মাধ্যমে আর ২য় দফায় প্রকাশিত হয়েছে জনাব এবিএম শামসুদ্দিন, চেয়ারম্যান ও রাশিদুল হাসান, পরীক্ষা নিয়ন্ত্রক সাহেবের স্বাক্ষরযুক্ত গেজেটের মাধ্যমে। কিন্তু আশ্চর্যের বিষয় এ দু'টি গেজেটের মধ্যে যথেষ্ট পার্থক্য রয়েছে। যেমন (১) একটার মধ্যে একজন বৃত্তি প্রাপ্তের নাম তালিকাভুক্ত অন্যটায় তালিকাভুক্ত নেই। (২) বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বরগুলোর যোগে ভুল (৩) একজনের যে স্থান/গ্রেড দেখান হচ্ছে অন্যটায় অন্য স্থান/গ্রেড দেখান হয়েছে ইত্যাদি। তবে জনাব শাহজাদা মোহাম্মদ আলী সাহেবের স্বাক্ষরযুক্ত গেজেট মোটামুটিভাবে ঠিক বলা চলে। আজ অভিভাবক এবং সচেতনমহল গতবারের বৃত্তি পরীক্ষার ফলাফলের এই অবাঞ্ছিত ঘটনায় চিন্তিত যা কাম্য হতে পারে না। সামনে বৃত্তি পরীক্ষা। তাই বিভক্ত এসোসিয়েশনের নেতাদের কাছে আমার আবেদন আপনারা অতীতের ভুল-ভ্রান্তি ভুলে গিয়ে একতাবদ্ধ হয়ে কিন্ডারগার্টেনের ভাবমূর্তি রক্ষা করুন এবং দেশের শিক্ষা ব্যবস্থাকে সুন্দর ও সঠিকরূপদানে এগিয়ে আসুন।

***বি, এম, জাকির হোসেন***
*তিতাস গ্যাস ষ্টাফ কোয়ার্টার,*
*ডেমরা,*
*ঢাকা*